

উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, বালাগঞ্জ, সিলেটে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা

২০২১-২০২২ প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে গঠিত

নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : ডা: মো: আব্দুল মান্নান

সভার স্থান : উপজেলা প্রাণিসম্পদ অফিসারের অফিস কক্ষ, বালাগঞ্জ।

সভার তারিখ ও সময় : ২৭ সেপ্টেম্বর ২০২১, সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা:

ক্রমিক নং	নাম ও পদবী
০১	মো: মিজানুর রহমান, উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ)
০২	মোহাম্মদ কামরুজ্জামান, উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (প্রাণিস্বাস্থ্য)

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এপিএ টিম লিডার জনাব মো: মিজানুর রহমান, উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে সকলকে কার্যকর ভূমিকা রাখার জন্যে অনুরোধ করেন।

সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে অধিকতর সচেতন, ত্রৈমাসিক ভিত্তিতে সভা আহ্বান, অগ্রগতি প্রেরণ ও ওয়েবসাইটে আপলোড করার জন্যে অনুরোধ করেন।

অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তগৃহীত হয়:-

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়ন ও বাস্তবায়নের বিষয়ে আলোচনা	২০২১-২০২২ অর্থবছরের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার খসড়া প্রণয়নপূর্বক সভায় উপস্থাপন করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভায় তা অনুমোদন করা হয়।	উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ)
০২	নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভা ও অগ্রগতি প্রতিবেদন প্রেরণ বিষয়ে আলোচনা	নিয়মিত ত্রৈমাসিক সভা আহ্বান ও বাস্তবায়ন এবং অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করতে হবে।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার
০৩	ত্রৈমাসিক সভা ও অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড বিষয়ে আলোচনা	ত্রৈমাসিক সভার কার্যবিবরণী ও অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭-০৯-২০২১খ্রি.

ডা: মো: আব্দুল মান্নান

উপজেলা প্রাণিসম্পদ অফিসার

বালাগঞ্জ, সিলেট।